সংবাদ

তারিখ ... 9 JUL 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ছুটি শেষে জাবি খুলছে আজ

**প্রতিনিধি, জাবি**

গ্রীষ্মকালীন, রমজান, পবিত্র জুমাতুল বিদা, শবে কদর ও ঈদুল ফিতর উপলক্ষে ৪৪ দিন ছুটি শেষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যায়ের (জাবি) যথারীতি ক্লাস-পরীক্ষা শুরু হবে আজ।

শনিবার বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্টার (শিক্ষা) মোহাম্মদ আলী এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, বৃহস্পতিবার ছুটি শেষ হলেও ৭ ও ৮ জুলাই (শুক্রবার ও শনিবার) বিশ্ববিদ্যালয়ের সাপ্তাহিক ছুটি থাকায় ক্লাস শুরু হচ্ছে আজ। ছুটি শেষে আজ থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের বিভাগীয় কার্যক্রম এবং পূর্বনির্ধারিত সকল ক্লাস ও পরীক্ষা নিয়মিত চলবে।

এদিকে ৪৪ দিনের ছুটির মধ্যে বেশ কয়েকটি বিভাগের পরীক্ষা গ্রহণ করার কথা থাকলেও বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে আন্দোলনের কারণে সকল পর্বের পরীক্ষা স্থগিত করা হয়।

এছাড়া বিশ্ববিদ্যালয় প্রশাসন জরুরি সিন্ডিকেট ডেকে ২৮ মে থেকে বিশ্ববিদ্যালয়ের সব আবাসিক হল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে। পরে পুনরায় সিন্ডিকেট সভা ডেকে ৮ জুন থেকে সকল আবাসিক হল খুলে দেয়া হয়।